



## বামনপুকুর হুমায়ুন কবীর মহাবিদ্যালয়

মূল্যায়ন কেন্দ্রিক প্রশ্ন

সাম্মানিক স্নাতক, ষষ্ঠ সেমেস্টার, ২০২১

DSE-1C, বাংলা

BNGADSE1CT-বাংলা গদ্য ও প্রবন্ধ পাঠ

বিষয় অধ্যাপক : ড. আজিজুল হক মণ্ডল

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

[১-৪ একক পর্যন্ত একটি করে প্রশ্নের উত্তর লিখতে হবে। পার্শ্ববর্তী সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশক]

(১-৪ একক পর্যন্ত প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ এবং একক ৫-এর উত্তর অনধিক ১৫০ শব্দের হবে)

একক-১ : বাংলা প্রবন্ধ-নিবন্ধের সাধারণ পরিচয় ও প্রকারভেদ

১০

- ১) প্রবন্ধের সংজ্ঞা দিয়ে বিভিন্ন ধরনের প্রবন্ধ বিষয়ে আলোচনা কর।
- ২) প্রবন্ধ সাহিত্য বলতে কী বোঝায় ? প্রবন্ধ সাহিত্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে রাসসুন্দরী দাসীর 'আমার জীবন' প্রবন্ধটির আলোচনা কর।
- ৩) সমালোচনা সাহিত্য বলতে কী বোঝায় ? সমালোচনা সাহিত্যকে কি প্রবন্ধ বলা যায় – তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

একক-২ : বাংলার ব্রত : অবনীন্দ্রনাথ ঠাকুর

১০

- ১) ব্রতের সংজ্ঞা ও শ্রেণি বিভাগ করে অবনীন্দ্রনাথ ঠাকুর আলোচিত 'বাংলার ব্রত' গ্রন্থের যেকোনো দুটি নারী ব্রতের ব্যাখ্যা কর।
- ২) শাস্ত্রীয় ব্রত বলতে কী বোঝায় ? শাস্ত্রীয় ব্রতের সঙ্গে নারী ব্রতের মূল প্রভেদগুলি উল্লেখ করে যেকোনো দুটি শাস্ত্রীয় ব্রত বিষয়ে আলোচনা কর।
- ৩) 'বাংলার ব্রত' গ্রন্থে অবনীন্দ্রনাথ ঠাকুর চিত্রিত সমাজচিত্র বিষয়ে আলোকপাত কর।
- ৪) 'বাংলার ব্রত' গ্রন্থে ব্যবহৃত বিভিন্ন ধরনের ছড়া প্রসঙ্গে আলোচনা কর।

একক-৩ : পিতৃস্মৃতি (নির্বাচিত রচনা) : রথীন্দ্রনাথ ঠাকুর

১০

- ১) 'স্বদেশী আন্দোলন' প্রবন্ধে বর্ণিত আন্দোলনের স্বরূপ ব্যাখ্যা কর।
- ২) 'হিমালয় ভ্রমণ' প্রবন্ধে প্রকৃতির বর্ণনা কীভাবে উঠে এসেছে তা আলোচনা কর।
- ৩) 'পদ্মা ও পদ্মাবোট' প্রবন্ধে পদ্মা-সংলগ্ন জন-জীবনের পরিচয় দাও।
- ৪) 'শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রম' প্রবন্ধে যে জীবনদর্শনের প্রতিফলন ঘটেছে তার বিবরণ দাও।

একক-৪ : বাঙালি মেয়ের ভাবনামূলক গদ্য (নির্বাচিত ১০টি প্রবন্ধ) : সুতপা ভট্টাচার্য (সম্পাদিত)

১০

- ১) মনোমোহিনী দাসীর 'পত্র' প্রবন্ধটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা কর।
- ২) স্বর্ণকুমারী দেবী তাঁর 'পুরুষের শ্রেষ্ঠত্ব' প্রবন্ধে পুরুষের কোন শ্রেষ্ঠত্বের পরিচয় দিয়েছেন তা উল্লেখ কর।
- ৩) সরলাবালা সরকারের দৃষ্টিতে স্বদেশসেবায় বঙ্গরমণীর ভূমিকা কতটা তা আলোচনা কর।
- ৪) জগদীশ্বরী দেবীর 'শব্দ-তত্ত্বে নারীগৌরব' প্রবন্ধের ভাববস্তু আলোচনা কর।

একক-৫ : যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

৫ X ২ = ১০

- ১) টীকা লেখ : রম্যরচনা
- ২) টীকা লেখ : 'কুলাই ঠাকুরের ব্রত'
- ৩) ব্রতে আলপনার প্রাসঙ্গিকতা বিচার কর।
- ৪) টীকা লেখ : শিলাইদহ ও রবীন্দ্রনাথ
- ৫) কৃষ্ণাভাবিনী দাসের 'স্ত্রীলোক ও পুরুষ' প্রবন্ধে উল্লিখিত নারী-পুরুষের প্রকৃতিগত রূপচিত্রণ কর।

০০০